



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

১২ ভাদ্র ১৪৩১

তারিখ: \_\_\_\_\_

২৭ আগস্ট ২০২৪

ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৬

চেয়ারম্যান, পরিচালক পর্ষদ ও  
ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ফাইন্যান্স কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা পদে  
নিয়োগ/নিযুক্তি এবং তাঁর দায়-দায়িত্ব সম্পর্কিত নীতিমালা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখ: ২৫ মার্চ ২০২৪ এর ১৩ নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ডিএফআইএম সার্কুলার নং-০৩/২০২৪ এর ১৩ নং অনুচ্ছেদের মাধ্যমে ফাইন্যান্স কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার বহিঃ বাংলাদেশ ভ্রমণ অত্যাবশ্যিক হলে দেশের বাইরে গমনের ১০ (দশ) কর্মদিবস পূর্বে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের জন্য আবেদন করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। এক্ষেত্রে, উক্ত সার্কুলারের ১৩ নং অনুচ্ছেদ নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

“ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার অত্যাবশ্যিক বহিঃ বাংলাদেশ ভ্রমণের ক্ষেত্রে পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে ফাইন্যান্স কোম্পানির নিজস্ব বহিঃ বাংলাদেশ ভ্রমণ নীতিমালা অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতীত বহিঃ বাংলাদেশ ভ্রমণ করতে পারবেন। এক্ষেত্রে, ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার দেশ ত্যাগের ১০ (দশ) কর্মদিবস পূর্বে তাঁর বহিঃ বাংলাদেশ ভ্রমণের ক্ষেত্রে তাঁর অনুপস্থিতকালীন তাঁর স্থলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, দাপ্তরিক ফোন, সেল ফোন নাম্বার ও ই-মেইল ঠিকানা আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ-কে লিখিতভাবে অবহিত করতে হবে।”

০৩। উল্লিখিত নির্দেশনা ব্যতীত ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখ: ২৫ মার্চ ২০২৪ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আসাদুজ্জামান খান)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮।